



# WEST BENGAL STATE UNIVERSITY

Berunanpukuria, Malikapur, Barasat  
24 Parganas (North), Kolkata – 700 126  
Phone No. 033 – 65406213  
Email: abhijit\_talapatra@yahoo.com

Ref. No. WBSU/COE/Notice/0789/2016

Date: 28<sup>th</sup> Oct, 2016

## বিশেষ বিজ্ঞপ্তি

সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, যে সকল ছাত্রছাত্রী পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় থেকে বি.এ./ বি. এস.সি/ বি. কম/ এম.এ/ এম.এস.সি/ এম.কম/ বি.বি.এ/ বি.এড/ বি.পি.এড/ বিশেষ বি.এড, ২০১০ সাল থেকে ২০১৫ সালের মধ্যে পাশ করেছে, তাদের মার্কশীটে নাম, রেজিস্ট্রেশন বা বিষয় সংক্রান্ত যে কোন রকম সংশোধন বা পরিবর্তনের জন্যে একটি শেষ সুযোগ প্রদান করা হচ্ছে।

এই বিষয়ে আবেদন করতে হবে মাননীয় উপাচার্যের বা পরীক্ষা নিয়ামকের দপ্তরে। তৎসহ একশত (১০০) টাকা জমা করতে হবে বিশ্ববিদ্যালয়ের 'ক্যাশ' বিভাগে। আগামী ২ নভেম্বর, ২০১৬ থেকে ২৫শে নভেম্বর, ২০১৬ এর মধ্যে আবেদন জমা করতে হবে এবং সংশোধিত মার্কশীট মাননীয় উপাচার্যের বা পরীক্ষা নিয়ামকের দপ্তর থেকে সংগ্রহ করতে হবে ১লা ডিসেম্বর, ২০১৬ থেকে ৩০শে ডিসেম্বর, ২০১৬-র মধ্যে। ২০১০ সাল থেকে ২০১৫ সালের সংশোধন বিষয়ে আর কোন আবেদন উপরিউক্ত তারিখের পরে গ্রাহ্য হবে না।

২০১৬ সালের মার্কশীট সংশোধনের আবেদন ১৬ই ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত গ্রাহ্য হবে। তার পরে এ বিষয়ে আর কোন আবেদন করা যাবে না।

অনুমত্যানুসারে

পরীক্ষা নিয়ামক

পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়